

র রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৭৫০ [আন্তর্জাতিক নাম্বারঃ ৭৪৬]

২/ পানাহারের আদব-কায়দা (كتاب أدب الطعام)

পরিচ্ছেদঃ ১০৮: ঠেস দিয়ে বসে আহার করা অপছন্দনীয়

(108) _ بَابُ كَرَاهِيَةِ الْأَكْلِ مُتَّكِئًا

আরবী

عَن أَبِي جُحَيْفَةَ وَهْبِ بِنِ عَبدِ اللهِ رضي الله عنه، قَالَ: قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم: «لاَ آكُلُ مُتَّكِئاً». رواه البخاري

বাংলা

১/৭৫০। আবূ জুহাইফা অহাব ইবনে আব্দুল্লাহ রাদিয়াল্লাহু 'আনহু হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ''আমি হেলান দিয়ে বসে আহার করি না।'' (বুখারী)[1]

ইমাম খাত্ত্বাবী (রঃ) বলেন, 'এখানে হেলান দিয়ে বসার মানে হচ্ছে নিচে কোন নরম গদি বা আসনে চেপে বসা। উদ্দেশ্য হল, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অধিক ভোজনবিলাসী পেটুক মানুষের মত কোন গদিতে চেপে বা ঠেস বালিশে হেলান দিয়ে বসতেন না এবং তিনি আরামের সাথে না বসে এমনভাবে হাঁটু দু'টি উঁচু করে বসতেন, যেন উঠে দাঁড়াবেন। তিনি যথা পরিমিতভাবে আহার করতেন।' --এ হল ইমাম খাত্ত্বাবীর কথা। অন্যান্য আলেমগণ এ অর্থের দিকে ইঙ্গিত করেছেন যে, একপার্শ্বে ভর দিয়ে চেপে বসা হল হেলান দিয়ে বসা। আর আল্লাইই স্বাধিক পরিজ্ঞাত।

English

(108) Chapter: Undesirability of Eating in a Reclining Posture

Abu Juhaifah Wahb bin 'Abdullah (May Allah be pleased with him) reported: Messenger of Allah (ﷺ) said, "I do not eat reclining (against a pillow)."

[Al-Bukhari].

Commentary: What is meant by reclining? There is a difference of opinion on it. Some say that it means leaning on one side, whether right or left, or against the wall. Imam Al-Khattabi takes it in this sense that somebody



should lay out a mattress and sit on it comfortably as one sits cross-legged. Messenger of Allah (PBUH) used to take hardly an adequate meal. Ibn Hajar says that one should sit with the right knee drawn up and the left one bent down.

ফুটনোট

[1] সহীহুল বুখারী ৫৩৯৮, ৫৩৯৯, তিরমিয়ী ১৮৩০, আবূ দাউদ ৩৭৬৯, ইবনু মাজাহ ৩২৬২, আহমাদ ১৮২৭৯,১৮২৮৯, দারেমী ২০৭১

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ জুহাইফাহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন